# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫৯৬

পর্ব - ৩ঃ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ কবরস্থানে প্রবেশ করার সময় যা বলতে হয়

আরবী

وَعَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: مَرَّ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ بِقُبُورِ الْمَدِينَةِ, فَأَقْبَلَ عَلَيْهِمْ بِوَجْهِهِ فَقَالَ: «السَّلَامُ عَلَيْكُمْ يَا أَهْلَ الْقُبُورِ, يَغْفِرُ اللَّهُ لَنَا وَلَكُمْ, أَنْتُمْ سَلَفُنَا وَنَحْنُ بِالْأَثَرِ». رَوَاهُ التِّرْمِذِيُّ, وَقَالَ: حَسَنٌ

ضعيف. رواه الترمذي (1053) وقال: حديث حسن غريب. قلت: وهذا الحديث ضعيف؛ لضعف سنده ـ وإن كان هناك ما يشهد له ـ خاصة وإن هذا الحديث فيه جملة منكرة

বাংলা

৫৯৬. ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনাহর কবরস্থান হয়ে যাচ্ছিলেন, এমন সময় তাদের দিকে মুখ করে এই দু'আ বললেন-

'আসসালামু 'আলাইকুম ইয়া আহলাল কবূরি, ইয়াগফিরুল্লাহু লানা অলাকুম আনতুম সালাফুনা অ-নাহনু বিল আসারি।

অর্থ: হে কবরবাসী, তোমাদের উপর শান্তি বর্ষিত হোক। আল্লাহ আমাদের ও তোমাদের গুনাহ ক্ষমা করে দিন, (পরকালের যাত্রায়) তোমরা আমাদের অগ্রগামী আর আমরা তোমাদের পশ্চাতে গমনকারী।

-তিরমিযী একে হাসানরূপে রিওয়ায়াত করেছেন।[1]

## English

Ibn ‘Abbas (RAA) narrated, ‘Once the Messenger of Allah (ﷺ) passed by some graves in Madinah. He turned his face toward them saying, “Peace be upon you, O dwellers of these graves. May Allah forgive you and us. You have preceded us, and we are following your trail." Related by At-Tirmidhi, who graded it as Hasan.

## ফুটনোট

[1] তিরমিযী ১০৫৩

ইবনু হাজার আসকালানী তার আল ফুতুহাতে আররব্বানিয়্যাহ (৪/২২০) গ্রন্থে হাদীসটিকে হাসান আখ্যায়িত করে বলেন, কাবূস ব্যতীত এ হাদীসের সকল রাবী বিশুদ্ধ, কেননা সে বিতর্কিত। বিন বায তার বুলুগুল মারামের হাশিয়ায় (৩৭০) বলেন, এর সানাদের রাবী কাবুস বিন আবূ যাবীনার মাঝে দুর্বলতা রয়েছে, অবশিষ্ট সকল রাবী বিশ্বস্ত।

শাইখ আলবানী তাহকীক রিয়াযুস স্বালিহীন (৫৮৯), তাখরীজ মিশকাত (১৭০৯) গ্রন্থদ্বয়ে হাদীসটিকে দুর্বল বলেছেন। তিনি তার আহকামুল জানায়িয (২৪৯) গ্রন্থে উক্ত রাবী সম্পর্কে বলেন, তার থেকে দলীল গ্রহণ করা যায় না, সম্ভবত ইমাম তিরমিযী এ হাদীসের অনেক শাহেদ থাকার কারণে হাদীসটিকে হাসান বলেছেন, কেননা সহীহ হাদীসসমূহ দ্বারা এর অর্থ সুসাব্যস্ত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70407

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন